## তেরখাদা উপজেলা পরিষদের সেপ্টেম্বর-২৪ মাসে অনুষ্ঠিত প্রথম সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ জনাব মারুফা বেগম নেলী
প্রশাসক
উপজেলা পরিষদ
তেরখাদা, খুলনা।

সভার তারিখ ও সময় ঃ ৩০-০৯-২০২৪ খ্রিঃ, বেলাঃ ১১.০০ ঘটিকা।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, তেরখাদা, খুলনা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট - ক)

সভার শুরুতে উপজেলা পরিষদের প্রশাসক ও নির্বাহী অফিসার জনাব মারুফা বেগম নেলী মহোদয় সভায় উপস্থিত উপজেলা প্রশাসনের সকল দপ্তর প্রধানকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি উপস্থিত বিভিন্ন বিভাগীয় কর্মকর্তা ও ইউ,পি চেয়ারম্যানদের জনসেবা অব্যহত রাখার জন্য অনুরোধ জানান। অতপর উপজেলা নির্বাহী অফিসার এ সভার কার্যক্রম পরিচালনা করেন এবং নির্ধারিত বিষয়ে আলোচনা করার জন্য সকল সম্মানীত সদস্যকে আহবান জানান। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢ়াকরণ করা হয়।
সভায় দপ্তর ভিত্তিক নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্তাবলী গৃহীত হয়।

| ক্রঃ নং | বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১. | সভা ও স্থায়ী কমিটি | উপজেলা পরিষদের প্রশাসক মহোদয় সকল কর্মকর্তাদের দৃষ্টি আকর্ষন করতঃ বলেন, সভার নোটিশ প্রাপ্তির পর সভার কার্যপত্র প্রতি সভায় অবশ্যই দিতে হবে। কোন কর্মকর্তা উপজেলা পরিষদের বিভিন্ন সভায় উপস্থিত হতে না পারলে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে আগেই অবহিত করতে হবে। যে সকল দপ্তর প্রধানগণ উপজেলা পরিষদের ১৭ টি স্থায়ী কমিটির সদস্য-সচিব তারা প্রতি দুই মাসে অন্তত একটি সভা আহবান করে উপজেলা পরিষদকে অবহিত করার ব্যাপারে তিনি অনুরোধ জানান। তিনি প্রতি দুই মাস অন্তর নির্ধারিত তারিখে এ সকল সভা আহবান করতে হবে। তিনি সকল দপ্তর প্রধানদের নিয়মিত ১৭টি স্থায়ী কমিটির সভা করার আহবান জানান। | ১)পরিষদের সভার নোটিশ প্রাপ্তির পর সভার কার্যপত্র প্রনয়ন করতে হবে এবং সরকারি নীতিমালার আলোকে প্রতি দুই মাস অন্তর স্থায়ী কমিটির সভা অনুষ্ঠানের বিষয়ে সংশ্লিষ্ট দপ্তর প্রধান/ সদস্য সচিব ব্যবস্থা নিবেন। প্রথম ৯টি কমিটি প্রতি জোড় মাসে এবং পরবর্তী ৮টি কমিটি প্রতি বিজোড় মাসে সভা করবেন। | সকল দপ্তর প্রধানগণ, ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান |
| ০২ | যোগাযোগ ও ভৌত অবকাঠামো | (০১) উপজেলা নির্বাহী অফিসার মহোদয় সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করতঃ বলেন, পরিষদের বসোবাসযোগ্য আবাসিক ভবনসমূহ রুটিন মেরামত/সংস্কার করা প্রয়োজন। নির্বাহী অফিসারের বাসভবনে কয়েকটি দরজা নিম্ন মানের হওয়ায় ঘুনে ধরে দুর্বল হয়ে পড়েছে যা পরিবর্তন করা প্রয়োজন, তাছাড়া রং করণ ও সংস্কারসহ পর্দাক্রয় করা প্রয়োজন। তিনি আরও বলেন উপজেলা পরিষদের অভ্যন্তরে অবস্থিত বর্তমান অফিসার্স কোয়ার্টাল ভবনের ২য় তলায় জানালা পরিবর্তন, রংকরণ ও সংস্কার করা প্রয়োজন। তিনি বলেন উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৩(ক) অনুচ্ছেদে উপজেলা পরিষদ ভবন বাসাবাড়ি মেরামত/সংরক্ষন/রং করন কাজ বাস্তবায়ন করা যাবে এবং এক অর্থ বছরে অনধিক ১০.০০ (দশ) লক্ষ টাকা ব্যয় করার বিধান রয়েছে। তিনি উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নিম্নবর্ণিত প্রকল্প সমূহ প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে মেরামতের জন্য সিদ্ধান্ত গ্রহনের অনুরোধ জানান। | (০১) উল্লিখিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও উপজেলা পরিষদের আবসিক এলাকায় অবস্থিত বর্তমান অফিসার্স কোয়ার্টাল ভবনের ২য় তলা উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় নিম্নবর্ণিত ০৪ (চার) টি স্কিম প্রকল্পবাস্তবায়ন কমিটির (PIC) মাধ্যমে বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |

| | | |
|---|---|---|
| ০২ | যোগাযোগ ও ভৌত অবকাঠামো | ১) প্রকল্পের নাম ঃ উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন রং করণ।<br>প্রকল্প মূল্য ঃ ২,০০,০০০/- টাকা<br>প্রকল্প বাস্তবায়ন কমিটি ঃ<br>জনাব ফিরোজা বেগম, ইউপি সদস্য ------------ সভাপতি<br>জনাব হামিদ মোল্যা, গন্যমান্য ব্যক্তি ---------- সেক্রেটারী<br>জনাব আসলাম মোল্যা, শিক্ষক ---------------- সদস্য<br>জনাব মোঃ জসিম মোল্যা, ইমাম ---------------- সদস্য<br>জনাব মোঃ রমজান শেখ, সমাজসেবক ----------- সদস্য<br>জনাব নাইম মোল্লা, ভিডিপি সদস্য -------------- সদস্য<br>জনাব মোঃ আশরাফুল ইসলাম, গন্যমাণ্য ব্যক্তি --- সদস্য<br><br>২) প্রকল্পের নাম ঃ উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের কাঠের দরজা পরিবর্তণ।<br>প্রকল্প মূল্য ঃ ২,০০,০০০/- টাকা<br>প্রকল্প বাস্তবায়ন কমিটি ঃ<br>জনাব মোঃ ফরিদ শেখ, ইউপি সদস্য ----------- সভাপতি<br>জনাব খায়রুল মোবাশ্বের, শিক্ষক --------------- সেক্রেটারী<br>জনাব শাহীন মোল্যা, গণ্যমাণ্য ব্যক্তি --------------- সদস্য<br>জনাব মোঃ ছেকন মোল্যা, ইমাম ------------------ সদস্য<br>জনাব আব্দুর রহিম, সমাজসেবক ------------------ সদস্য<br>জনাব লতিফা খাতুন, মহিলা সমজকর্মী ------------- সদস্য<br>জনাব মোঃ মূসা কাজী, ভিডিপি সদস্য -------------- সদস্য<br><br>৩) উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন সংস্কার ও পর্দা ক্রয়।<br>প্রকল্প মূল্য ঃ ২,০০,০০০/-টাকা<br>প্রকল্প বাস্তবায়ন কমিটি ঃ<br>জনাব রিনা পারভীন, ইউপি সদস্য ---------- সভাপতি<br>জনাব মোঃ গিয়াস মোল্যা, সমাজসেবক -------সেক্রেটারী<br>জনাব মোঃ জাহাঙ্গীর আলম, গণ্যমাণ্য ব্যক্তি ---- সদস্য<br>জনাব মোঃ নজরুল কাজী, ইমাম -------------- সদস্য<br>জনাব মোঃ বোরহান শেখ, সমাজসেবক -------- সদস্য<br>জনাব শামীমা সুলতানা, মহিলা সমজকর্মী ------ সদস্য<br>জনাব মোঃ খালিদুজ্জামান, ভিডিপি সদস্য ------ সদস্য<br><br>৪) প্রকল্পের নাম ঃ উপজেলা পরিষদের আবাসিক এলাকায় অবস্থিত বর্তমান অফিসার্স কোয়ার্টার ভবনের ২য় তলা সংস্কার।<br>প্রকল্প মূল্য ঃ ২,০০,০০০/- টাকা<br>প্রকল্প বাস্তবায়ন কমিটি ঃ<br>জনাব মোঃ উজ্জল শেখ, ইউপি সদস্য --------- সভাপতি<br>জনাব মোঃ বনি লষ্কর, সমাজসেবক ---------- সেক্রেটারী<br>জনাব তারিক মোল্যা, শিক্ষক ---------------- সদস্য<br>জনাব টিটাব মোল্যা, গণ্যমাণ্য ব্যক্তি ---------- সদস্য<br>জনাব মোঃ আব্দুল্লাহ কাজী, ইমাম ----------- সদস্য<br>জনাব মোঃ মিলন, সমাজসেবক -------------- সদস্য<br>জনাব সোহান শেখ, ভিডিপি সদস্য ----------- সদস্য | |

| | | | | |
|---|---|---|---|---|
| | পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন, এ উপজেলায় বর্তমানে সক্ষম দম্পতির সংখ্যা ২৬,৬১৩, সর্বমোট পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা-২০,৬৭২, পদ্ধতি গ্রহণকারীর হার (সিএআর)-৭৭.৬৮%, গর্ভবতী-৯৩৫ জন, অগ্রহণকারী-৫৯৪১ জন। তিনি জানান চলতি মাসে ৩৯ জনকে ইমপ্লান্ট, ০৫ জনকে আইইউডি, ০৪ জনকে টিউবেকটিম সেবা প্রদান করা হয়েছে। তিনি বলেন মা ও শিশু স্বাস্থ্য এবং সাধারণ রোগী সেবার আওতায় ০১ জনকে স্বাভাবিক প্রসব সেবা, ২০৪ জন শিশু, ৩০৮ জন গর্ভবতী, ২৮০ জন কিশোর কিশোরী এবং ২৫৪১ জন সাধারন রোগীকে চিকিৎসা এবং পরামর্শ সেবা দেওয়া হয়েছে। তিনি আরও বলেন, স্যাটেলাইট ক্লিনিক সংগঠনের মাধ্যমে এবং স্বাস্থ্য শিক্ষা কার্যক্রমের মাধ্যমে গ্রামে গ্রামে উদ্বুদ্ধকরণ চলমান রয়েছে। মাঠ পর্যায়ে সেবাগ্রহীতাদের এনালগ ডাটা রেজিস্টারের পরিবর্তে ট্যাবের মাধ্যমে ই-রেজিস্টারে রুপান্তরের কাজ চলমান রয়েছে। | সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ০৪ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) | (১) সভায় ইউডিএফ বলেন, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি): উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (ইউজিডিপি)আওতায় ৬ষ্ঠ ধাপে ১২ টি শিক্ষা প্রতিষ্ঠানে ঠিকাদার প্রতিষ্ঠান তালুকদার প্লাষ্টিক লিঃ কর্তৃক ১৪৪ জোড়া (উচু-নীচু) বেঞ্চ সরবরাহ ও বিতরণ করা হয়েছে। ঠিকাদার প্রতিষ্ঠান কর্তৃক বিল প্রাপ্তির আবেদন করা হয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>(২) উপজেলা পরিষদের পারফরমেন্স উন্নত রাখার জন্য অন্যান্য তথ্যের সাথে নিম্নোক্ত তথ্যসমূহ হালনাগাদ থাকা একান্ত প্রয়োজন।<br>উপজেলা পরিষদের মাসিক সভাসমূহের কার্যবিবরণী<br>উপজেলা পরিষদের ১৭টি কমিটির সভার কার্যবিবরণী<br>অর্থবছরের বার্ষিক অনুমোদিত বাজেট<br>অর্থবছরের বার্ষিক উন্নিয়ন পরিকল্পনা<br>পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা<br>অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (অউচ) এর রিপোর্ট<br>বার্ষিক আয় ব্যয় বিবরণী<br>তিনি বলেন ২০২১-২২, ২০২২-২৩ এবং ২০২৩-২৪ অর্থবছরের এসকল তথ্য উপজেলা ওয়েবপোর্টালে হালনাগাদ থাকা একান্ত প্রয়োজন। বর্তমানে তেরখাদা উপজেলা পরিষদের কোন পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা নাই, এ বিষয়ে সভায় সিদ্ধান্ত গ্রহণের জন্য অনুরোধ করেন।<br><br>সিদ্ধান্ত (২) দ্রুততম সময়ের মধ্যে ২০২১-২২ এবং ২০২২-২৩ অর্থবছরের উপজেলা পরিষদের ১৭টি কমিটির সভার কার্যবিবরনী উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়ের অফিসে (সিএ এর নিকট) জমা দিতে হবে। এছাড়া এখন থেকে (২০১৩-২৪অর্থবছর) নিয়মিতভাবে উপজেলা কমিটির সভাকরে তার রেনজুলেশন একইভাবে জমা দিতে হবে। উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রনয়ণ অত্যন্ত জরুরী, এ বিষয়ে দ্রুত পদক্ষেপ গ্রহন করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | (১) বিস্তারিত আলোচনান্তে ভ্যাট ট্যাক্স সহ মোট বিল ৯,২০,৪৪৮/- টাকা, ১৫% ভ্যাট ১,৩৮,০৬৭/- টাকা, ৭% আয়কর ৬৪,৪৩১/- টাকা এবং ভ্যাট ট্যাক্স ব্যতীত ঠিকাদারের নীট পাওনা ৭,১৭,৯৫০/- টাকার বিল সর্বসম্মতভাবে অনুমোদিত হয়। স্বল্পতম সময়ের মধ্যে প্রয়োজনীয় সকল কাগজ-পত্রসহ বিলটি ইউজিডিপি প্রকল্প কার্যালয়ে প্রেরণের এবং অর্থ প্রাপ্তি সাপেক্ষে ঠিকাদারের পাওনা পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউডিএফ<br><br>ইউডিএফ |

<u>আর্থিক ব্যয় সংক্রান্ত (উপজেলা পরিষদ রাজস্ব তহবিল) ঃ</u> উপজেলা পরিষদের সম্মানিত প্রশাসক মহোদয় বলেন, আগস্ট-২৪ মাসে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নিম্নবর্নিত দৈনন্দিন ব্যয় এবং বিভিন্ন জরুরী প্রয়োজনীয় ব্যয় মিটানো হয়েছে যা এ সভায় অনুমোদনের প্রয়োজন।

| ক্রঃ নং | বিলের সংক্ষিপ্ত বিবরণ | টাকা |
|---|---|---|
| ১। | উপজেলা পরিষদ চেয়ারম্যানের জুলাই/২৪ মাসের সম্মানী ও ভ্রমন ব্যয় | ৫৫,৩২৩/- |
| ২। | ভাইস চেয়ারম্যানের জুলাই/২৪ মাসের সম্মানী ও ভ্রমন ব্যয় | ৩৩,৮০০/- |
| ৩। | মহিলা ভাইস চেয়ারম্যানের জুলাই/২৪ মাসের সম্মানী ও ভ্রমন ব্যয় | ৩২,৯৭৫/- |

| | | |
|---|---|---|
| ৪। | উপজেলা পরিষদের জীপগাড়ির জুলাই/২৪ মাসের জ্বালানী ব্যয় | ৩৭,৩৭০/- |
| ৫। | উপজেলা পরিষদের জুলাই-২৪ মাসের আপ্যায়ন ব্যয় বিল | ৩০,০০০/- |
| ৬। | উপজেলা পরিষদের জুলাই-২৪ মাসের আনুষাঙ্গিক ব্যয় বিল | ৫,০০০/- |
| ৭। | দৈনিক ভিত্তিতে কর্মরত পরিচ্ছন্নতাকর্মীর জুলাই-২৪ মাসের মজুরি | ১৪,৩০০/- |
| ৮। | দৈনিক ভিত্তিতে কর্মরত মালীর জুলাই-২৪ মাসের মজুরি | ১১,০০০/- |
| ৯। | উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের ৩০ জুন-২৪ পর্যন্ত অব্যায়িত অর্থের ৫২% উন্নয়ন তহবিলে জমা | ৪৩,৮৮,৪৮৩/- |
| ১০। | উপজেলা পরিষদের আসবাবপত্র ক্রয় অংশ-১ এর ব্যয়বিল প্রদান | ১,৩৪,২৫০/- |
| ১১। | উপজেলা পরিষদের আসবাবপত্র ক্রয় অংশ-১ এর ৩% আয়কর প্রদান | ৪,৫০০/- |
| ১২। | উপজেলা পরিষদের আসবাবপত্র ক্রয় অংশ-১ এর ৭.৫% ভ্যাট প্রদান | ১১,২৫০/- |
| ১৩। | উপজেলা পরিষদের আসবাবপত্র ক্রয় অংশ-২ এর ব্যয়বিল প্রদান | ১,৩৪,২৫০/- |
| ১৪। | উপজেলা পরিষদের আসবাবপত্র ক্রয় অংশ-২ এর ৩% আয়কর প্রদান | ৪,৫০০/- |
| ১৫। | উপজেলা পরিষদের আসবাবপত্র ক্রয় অংশ-২ এর ৭.৫% ভ্যাট প্রদান | ১১,২৫০/- |
| ১৬। | উপজেলা পরিষদের স্টিলের চেয়ার মেরামত | ২৪,৬৫৫/- |
| ১৭। | উপজেলা পরিষদের জরুরী ভিত্তিতে রাত্রিকালিন রিপস্তার জন্য নিয়োগকৃত আনসার সদস্যদের ভাতা প্রদান | ১৭,০০০/- |
| ১৮। | উপজেলা পরিষদের জরুরী ভিত্তিতে রাত্রিকালিন রিপস্তার জন্য নিয়োগকৃত আনসার সদস্যদের ভাতা প্রদান | ১৭,০০০/- |
| ১৯। | উপজেলা পরিষদের জরুরী ভিত্তিতে রাত্রিকালিন রিপস্তার জন্য নিয়োগকৃত আনসার সদস্যদের ভাতা প্রদান | ১৭,০০০/- |
| ২০। | উপজেলা পরিষদের জরুরী ভিত্তিতে রাত্রিকালিন রিপস্তার জন্য নিয়োগকৃত আনসার সদস্যদের ভাতা প্রদান | ১৭,০০০/- |
| ২১। | উপজেলা পরিষদের জরুরী ভিত্তিতে রাত্রিকালিন রিপস্তার জন্য নিয়োগকৃত আনসার সদস্যদের ভাতা প্রদান | ১৭,০০০/- |
| ২২। | উপজেলা পরিষদের জরুরী ভিত্তিতে রাত্রিকালিন রিপস্তার জন্য নিয়োগকৃত আনসার সদস্যদের ভাতা প্রদান | ১৫,০০০/- |
| ২৩। | প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থ ব্যক্তিকে আর্থক সহায়তা | ২৫,০০০/- |
| ২৪। | প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থ ব্যক্তিকে আর্থক সহায়তা | ২৫,০০০/- |

**সিদ্ধান্ত ঃ** উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের উল্লিখিত ব্যয় সমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো।

**সভাপতির বক্তব্যঃ**

সভাপতি মহোদয়, সভায় উপস্থিত সকল কর্মকর্তা এবং ইউপি চেয়ারম্যানদের শুভেচ্ছা জানান। তিনি উপজেলার সার্বিক বিষয়ে পরামর্শ প্রদানের জন্য এবং সকল বিভাগের কর্মকর্তাদের সঠিক সময়ে অফিসে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ জানন। তিনি উন্নয়ন মূলক কাজের সঠিক তদারকির জন্য উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন। তেরখাদা উপজেলার সকল বিদ্যালয়, মাদ্রাসা এবং কলেজে লেখা পড়ার মান যাতে ঠিক থাকে এ ব্যাপারে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন এবং বলেন তেরখাদা উপজেলার উন্নয়নে আমাদের সকলকে নিরলস ভাবে কাজ করতে হবে।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যকে শুভেচ্ছা জানিয়ে একসঙ্গে কাজ করার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/০৯/২৪

(মারুফা বেগম নেলী)
প্রশাসক
উপজেলা পরিষদ
তেরখাদা, খুলনা।

CS CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
তেরখাদা, খুলনা।

স্মারক নং- উনিঅ/তের/সভা-৯-৯/২০২৪-৭১২(৩০) তারিখঃ ৩০/০৯/২০২৪ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ-

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, খুলনা-৪।

২। জেলা প্রশাসক, খুলনা।

অবগতি ও কার্যার্থেঃ

৩। উপজেলা ...................................................অফিসার, তেরখাদা, খুলনা।

৪। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তেরখাদা, খুলনা।

৫। চেয়ারম্যান, আজগড়া/ বারাসাত/ ছাগলাদাহ/ সাচিয়াদাহ/ তেরখাদা/ মধুপুর ইউনিয়ন পরিষদ, তেরখাদা, খুলনা।

৬। অফিস নথি।

৩০/০৯/২৪

উপজেলা নির্বাহী অফিসার
তেরখাদা, খুলনা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দঃ

পরিশিষ্ট-ক

সভায় তারিখ- ৩০/০৯/২০২৪ খ্রিঃ সময়ঃ সকাল ১০.০০ ঘটিকা।

| ক্রঃ নং | সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ | কর্মকর্তার প্রতিনিধি বৃন্দ |
|---|---|---|
| ০১. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ তেরখাদা, খুলনা। | |
| ০২. | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তেরখাদা, খুলনা। | |
| ০৩. | চেয়ারম্যান, ১নং আজগড়া ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৪. | চেয়ারম্যান, ০৩নং ছাগলাদাহ ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৫. | চেয়ারম্যান, ৪নং সাচিয়াদহ ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৬. | চেয়ারম্যান, ৫নং তেরখাদা ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৭. | চেয়ারম্যান, ৬নং মধুপুর ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৮. | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ০৯. | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ১০. | উপজেলা কৃষি অফিসার, তেরখাদা, খুলনা। | |
| ১১. | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ১২. | উপজেলা প্রকৌশলী, তেরখাদা, খুলনা | |
| ১৩. | উপজেলা শিক্ষা অফিসার, তেরখাদা, খুলনা। | |
| ১৪. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ১৫. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, তেরখাদা, খুলনা | |
| ১৬. | উপজেলা সমবায় অফিসার, তেরখাদা, খুলনা। | |
| ১৭. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, তেরখাদা, খুলনা | |
| ১৮. | উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ১৯. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তেরখাদা, খুলনা | |
| ২০. | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ২১. | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), তেরখাদা, খুলনা | |
| ২২. | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ২৩. | উপ-বিভাগীয় প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, তেরখাদা, খুলনা। | |
| ২৪. | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, তেরখাদা, খুলনা | |
| ২৫. | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সরকারি খাদ্য গুদাম, তেরখাদা, খুলনা। | |
| ২৬. | ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক, তেরখাদা, খুলনা। | |
| ২৭. | এজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, তেরখাদা | |
| ২৮. | ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | |
| ২৯. | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস, তেরখাদা, খুলনা। | |

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দ ঃ

পরিশিষ্ট-খ

১. চেয়ারম্যান, ২নং বারাসাত ইউপি, তেরখাদা, খুলনা।
২. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, তেরখাদা, খুলনা।
৩. ইন্সট্রেক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, তেরখাদা, খুলনা।
৪. উপজেলা সমাজসেবা অফিসার, তেরখাদা, খুলনা।
৫. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তেরখাদা, খুলনা।
৬. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, তেরখাদা, খুলনা।
৭. ফরেস্টার, বন বিভাগ, তেরখাদা, খুলনা।
৮. উপজেলা নির্বাচন অফিসার, তেরখাদা, খুলনা।
৯. তথ্য কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প।

CamScanner